

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
চলচ্চিত্র ও প্রকাশনা অধিদপ্তর
তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়
তথ্য ভবন
১১২ সার্কিট হাউস রোড, ঢাকা-১০০০
www.dfp.gov.bd

সভার কার্যবিবরণী ১৩ ডিসেম্বর ২০২৩

সভাপতি	স. ম. গোলাম কিবরিয়া মহাপরিচালক
সভার তারিখ	১১ ডিসেম্বর, ২০২৩
সভার সময়	সকাল ১০:০০
স্থান	সভাকক্ষ (২য় তলা), তথ্য ভবন
উপস্থিতি	সভায় উপস্থিত সকলের তালিকা পরিশিষ্ট 'ক'।

সভায় আগত সকল কর্মকর্তা-কর্মচারীকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। সভাপতির অনুমতিক্রমে পরিচালক (প্রশাসন ও প্রকাশনা) সভাকে জানান, মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক প্রণীত বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (এপিএ) নির্দেশিকা অনুযায়ী সেবা প্রদান প্রতিশ্রুতি বাস্তবায়ন কর্মপরিকল্পনা, ২০২৩-২৪ এর কার্যক্রম [১.২]-এর আওতায় স্টেকহোল্ডারগণের সমন্বয়ে এ অবহিতকরণ সভা অনুষ্ঠিত হচ্ছে। এপিএ সূচকের আওতায় প্রতিটি কার্যক্রম নির্দিষ্ট সময়ে সম্পাদনের নির্দেশনা রয়েছে। নির্দেশনা অনুযায়ী প্রতিটি কার্যক্রম যথাসময়ে বাস্তবায়ন করতে হবে।

সভায় নিম্নোক্তভাবে আলোচনা হয় এবং গ্রহীত সিদ্ধান্ত বাস্তবায়নের নির্দেশনা প্রদান করা হয়।

ক্র.ন ং	আলোচনা	গ্রহীত সিদ্ধান্ত	বাস্তবায়ন
০১	অংশীজন: বাংলাদেশ টেলিভিশন জিআরএস এর উপর ফিলার তৈরি।	জিআরএস সম্পর্কে জনগনকে ধারণা দিতে প্রচার কার্যক্রম হিসেবে জিআরএস এর ওপর চলচ্চিত্র ও প্রকাশনা অধিদপ্তর ফিলার তৈরি করবে। বিটিভির ম তা সারাদেশে প্রচারে প্রয়োজনীয় সহায়তা প্রদান করবে।	বাংলাদেশ টেলিভিশন এবং চলচ্চিত্র ও প্রকাশনা অধিদপ্তর

০২	<p>অংশীজন: গণযোগাযোগ অধিদপ্তর</p> <p>(ক) ডিএফপি কর্তৃক তৈরিকৃত জনসচেতনতা মূলক প্রামাণ্যচিত্র/ ডকুডামা/ ফিলার প্রচার করা।</p> <p>(খ) ডিএফপি'র নিয়মিত প্রকাশনাসমূহ নির্ধারিত সময়ের মধ্যে মুদ্রণ করা।</p> <p>(গ) বিভিন্ন দিবস উপলক্ষে মুদ্রিত পোস্টারের মান উন্নয়ন করা।</p> <p>(ঘ) জাতীয় পতাকা অর্ধনমিত রাখা।</p>	<p>(ক) চলচ্চিত্র ও প্রকাশনা অধিদপ্তর কর্তৃক তৈরিকৃত বিভিন্ন জনসচেতনতামূলক প্রামাণ্যচিত্র/ডকুডামা/ফিলার সমসাময়িক চাহিদা অনুযায়ী হালনাগাদ করতে হবে। গণযোগাযোগ অধিদপ্তরের ৬৪টি জেলার ৬৮টি তথ্য অফিসের মাধ্যমে সারাদেশে প্রচার কার্যক্রম অব্যাহত রাখতে হবে।</p> <p>(খ) চলচ্চিত্র ও প্রকাশনা অধিদপ্তর কর্তৃক প্রকাশিত নিয়মিত প্রকাশনাসমূহ নির্ধারিত সময়ের মধ্যে মুদ্রণ করে গণযোগাযোগ অধিদপ্তরে বুঝিয়ে দিতে হবে।</p> <p>(গ) বিভিন্ন দিবস উপলক্ষে ডিএফপি কর্তৃক তৈরিকৃত পোস্টারের কাগজের মান আরো উন্নত করতে হবে। এ বিষয়ে বিজি প্রেসের সাথে যোগাযোগ রক্ষা করতে হবে।</p> <p>(ঘ) সরকারী নির্দেশনা অনুযায়ী পতাকা বিধিতে জাতীয় পতাকা অর্ধনমিত রাখার বিষয়ে বিধি অনুযায়ী সংশোধন করে দ্রুত হালনাগাদ করতে হবে।</p> <p>(ঙ) চলচ্চিত্র ও প্রকাশনা অধিদপ্তর প্রেরিত জাতীয় দিবসের পোস্টারে কোন ত্রুটি থাকলে অবিলম্বে পোস্টার গণযোগাযোগ অধিদপ্তর কর্তৃক ফেরত প্রদানকরা হবে।</p>	গণযোগাযোগ অধিদপ্তর এবং চলচ্চিত্র ও প্রকাশনা অধিদপ্তর
০৩	<p>অংশীজন: বাংলাদেশ ফিল্ম আর্কাইভ</p> <p>(ক) মাইগভ এর মাধ্যমে সেবা প্রদান।</p> <p>(খ) চলচ্চিত্র, প্রামাণ্যচিত্র ও সংবাদচিত্র ও পোস্টার সংরক্ষণ।</p>	<p>(ক) বর্তমানে সরকারের যাবতীয় সেবা সমূহ মাইগভ: এর মাধ্যমে পাওয়া যায় তাই মাইগভ: সম্পর্কে জনগণকে অনলাইন সেবা পাওয়ার বিষয়ে সচেতনতা বৃদ্ধির জন্য চলচ্চিত্র ও প্রকাশনা অধিদপ্তর কর্তৃক মাইগভ: এর উপর একটি টিভি ফিলার নির্মাণ করে প্রচার করা যেতে পারে।</p> <p>(খ) ডিএফপি কর্তৃক নির্মিত চলচ্চিত্র, প্রামাণ্যচিত্র ও সংবাদচিত্র বাংলাদেশ ফিল্ম আর্কাইভে সময়মত প্রেরণ করতে হবে। এ অধিদপ্তর নির্মিত সকল চলচ্চিত্র সংরক্ষণ করার ক্ষেত্রে উৎস হিসেবে ডিএফপি'র নাম অন্তর্ভুক্ত করতে হবে যাতে ভবিষ্যত রেফারেন্স হিসেবে ব্যবহার করা যায়।</p>	বাংলাদেশ ফিল্ম আর্কাইভ এবং চলচ্চিত্র ও প্রকাশনা অধিদপ্তর
০৪	<p>অংশীজন: বাংলাদেশ ফিল্ম সেন্সর বোর্ড</p> <p>(ক) বাংলাদেশ ফিল্ম সেন্সর বোর্ড সেন্সর সনদ প্রদানের ক্ষেত্রে সহযোগিতা প্রদান।</p> <p>(খ) স্মরণিকা তৈরির বিষয়ে আলোচনা।</p>	<p>(ক) চলচ্চিত্র ও প্রকাশনা অধিদপ্তর কর্তৃক নির্মিত চলচ্চিত্রসমূহের সেন্সর সনদ প্রদানের ক্ষেত্রে বাংলাদেশ চলচ্চিত্র সেন্সর বোর্ড প্রয়োজনীয় সহযোগিতা প্রদান করবে।</p> <p>(খ) ভবিষ্যতে জাতীয় চলচ্চিত্র পুরস্কার অনুষ্ঠানের স্মরণিকায় সিনেমার ছবির সাথে ক্যাপসন দেওয়ার বিষয়টি বিচিনায় নিতে হবে। ক্যাপসন লেখার বিষয়ে বাংলাদেশ ফিল্ম সেন্সর বোর্ড তথ্য দিয়ে সহযোগিতা প্রদান করবে।</p> <p>(গ) জাতীয় চলচ্চিত্র পুরস্কারের জন্য প্রকাশিত স্মরণিকা বাংলাদেশ ফিল্ম সেন্সর বোর্ডে নিবন্ধিত ফিল্ম ক্লাবসমূহে বিতরণের ক্ষেত্রে সহযোগিতা প্রদান কর হবে।</p>	বাংলাদেশ ফিল্ম সেন্সর বোর্ড এবং চলচ্চিত্র ও প্রকাশনা অধিদপ্তর

৩.০ অতঃপর আর কোন আলোচনা না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।



২৬-১২-২০২৩

স. ম. গোলাম কিবরিয়া
মহাপরিচালক

১১ পৌষ ১৪৩০ বঙ্গাব্দ

তারিখ: ২৬ ডিসেম্বর ২০২৩ খ্রিস্টাব্দ

নম্বর: ১৫.৫৭.০০০০.০০১.০৫.০০২.২২.৪৯২

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। মহাপরিচালক, বাংলাদেশ টেলিভিশন, রামপুর সদর দপ্তর, ঢাকা;
- ২। প্রধান তথ্য অফিসার, তথ্য অধিদফতর, বাংলাদেশ সচিবালয়, ঢাকা;
- ৩। মহাপরিচালক, গণযোগাযোগ অধিদপ্তর, তথ্য ভবন, ঢাকা;
- ৪। মহাপরিচালক, বাংলাদেশ ফিল্ম আর্কাইভ, ঢাকা;
- ৫। মহাপরিচালক, বাংলাদেশ ফিল্ম সেন্সর বোর্ড, তথ্য ভবন, ঢাকা;
- ৬। মহাপরিচালক, জাতীয় গণমাধ্যম ইনস্টিটিউট, ঢাকা;
- ৭। পরিচালক/সিনিয়র সম্পাদক (সকল), চলচ্চিত্র ও প্রকাশনা অধিদপ্তর, ঢাকা;
- ৮। উপপরিচালক/সম্পাদক/চিত্র প্রযোজক (সকল), চলচ্চিত্র ও প্রকাশনা অধিদপ্তর, ঢাকা;
- ৯। সহকারী পরিচালক (সকল), চলচ্চিত্র ও প্রকাশনা অধিদপ্তর, ঢাকা;
- ১০। মহাপরিচালকের ব্যক্তিগত সহকারী, (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য) এবং
- ১১। অফিস কপি, ওয়েবসাইট কপি।



২৬-১২-২০২৩

সেলিনা আকতার
উপপরিচালক